

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৪. ২০১৫-১২৫৭

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪৩০
২৩ নভেম্বর ২০২৩

পরিপত্র

বিষয়ঃ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় অনুদান প্রদান, নতুন প্রকল্প গ্রহণ এবং অর্থ অবমুক্তকরণ স্থগিত রাখা।


দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৩ক অনুযায়ী নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার দিন হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তহবিল হতে কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করতে পারবেন না। এ বিধিমালার বিধান লংঘন দন্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে এবং উক্তরূপ অপরাধের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উল্লিখিত আচরণ বিধিমালার বিধি ১৮ অনুযায়ী দন্ডনীয় হবেন।

০২। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন প্রার্থী সিটি কর্পোরেশন/পৌরসভাসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন সম্পত্তি তথা অফিস, যানবাহন, মোবাইল ফোন, টেলিফোন, ওয়াকিটাকি বা অন্য কোন সুযোগ সুবিধা নির্বাচনের কাজে ব্যবহার করতে পারবেন না মর্মে মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন। এমনকি মাসুল প্রদান করেও এগুলো ব্যবহার করা যাবে না। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন অবস্থাতেই নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে না। তাছাড়া, কোন প্রার্থী সরকারী অর্থে ক্রয়কার্য সংক্রান্ত কোন দরপত্র আহবান, গ্রহণ কিংবা বাতিলের বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন না।

০৩। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৩ অনুসারে নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপত্র স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাবে না।

০৪। তাছাড়া, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় অনুদান/দ্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন না করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। তবে ইতঃপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করা নিতান্ত আবশ্যিক হলে জরুরি ভিত্তিতে নির্বাচন কমিশনের সম্মতি গ্রহণ করতে হবে।

০৫। বাংলাদেশ নির্বাচন কমিশনের ২১/১১/২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.২৩-৭৪২ নং স্মারকের আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল। যা অবিলম্বে কার্যকর হবে।


প্রত্যয় হোসেন

সিনিয়র সহকারী সচিব

ফোন- ৫৫১০১১৮১

E-mail: lgadmin1@lgd.gov.bd

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-


- ১। অতিরিক্ত সচিব (সকল)/ মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। সহকারী সচিব (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থাঃ

- ১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৬। চেয়ারম্যান, ----- জেলা পরিষদ(সকল)।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, -----(সকল)।
- ৮। মেয়র, ----- পৌরসভা (সকল)।
- ৯। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ (সকল)।

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।



প্রত্যয় হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lqd.gov.bd